

স্মারক নম্বর-১৬,০০,০০০০,০০১,৩০,০০২,১৩-

৮৫০

তারিখ : ২৫ বৈশাখ, ১৪২৬  
০৮ মে, ২০১৯

বিষয় : ধর্মীয় নেতাদের সহযোগীতায় ডায়াবেটিস প্রতিরোধ বিষয়ক প্রকল্পে সহযোগীতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ডায়াবেটিক সমিতি হতে প্রাপ্ত পত্র নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত পত্রে জানানো হয়েছে, "ধর্মীয় নেতাদের সহযোগীতায় ডায়াবেটিস প্রতিরোধ" প্রকল্পটির মুখ্য উদ্দেশ্য ধর্মীয় নেতাদের মাধ্যমে দেশব্যাপী ডায়াবেটিস ও অন্যান্য অসংক্রামক রোগসমূহ প্রতিরোধে গণসচেতনতা বৃদ্ধি করা এবং ডায়াবেটিস প্রতিরোধ প্রক্রিয়ায় যুক্ত করবার মাধ্যমে প্রশিক্ষিত ইমামদের আর্থিকভাবে স্বাবলম্বী করা। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষিত ইমামদের সহযোগীতায় দেশের প্রতিটি উপজেলায় অন্তত একটি মসজিদে ডায়াবেটিস কর্ণার চালু করার পরিকল্পনা রয়েছে। ডায়াবেটিস কর্ণারগুলিতে এলাকাবাসীরা বিনা/স্বল্পমূল্যে তাদের পুষ্টি অবস্থা, রক্তচাপ পরিমাপ ও ব্লাড-গ্লুকোজ পরীক্ষা করবার পাশাপাশি ডায়াবেটিস ও অন্যান্য অসংক্রামক রোগ প্রতিরোধে প্রয়োজনীয় পরামর্শ নিতে পারবেন। এছাড়াও কর্ণারগুলি থেকে ডায়াবেটিস চিকিৎসা ও প্রতিরোধ বিষয়ক বিভিন্ন লিফলেট, বুকলেট, ভিডিও ইত্যাদি নিতে পারবেন। এর পাশাপাশি কর্ণারগুলিতে সেবাগ্রহনকারীরা বিনামূল্যে সমিতির মোবাইল হেল্পলাইন (ইরাহিম হেল্পলাইন ১০৬১৪) সেবাও নিতে পারবেন। ইমামগণের মাধ্যমে ধর্মীয় অনুষ্ঠানে বিশেষ করে শুক্রবার নামাজে খুতুবার মাধ্যমে ডায়াবেটিস ও অন্যান্য অসংক্রামক রোগসমূহ প্রতিরোধ বিষয়ক সামাজিক সচেতনতা বাড়াবার পাশাপাশি প্রকল্পটির মাধ্যমে বিনামূল্যে আড়াই লক্ষ (২৫০০০০) সাধারণ মানুষের ডায়াবেটিস নির্ণয়ও করা হবে। ইতিমধ্যে দেশের বিশিষ্ট ইসলামি চিকিৎসিদ ও আলেম ওলামাবৃন্দদের দ্বারা কোরআন হাদিসের আলোকে স্বাস্থ্যকর জীবন যাপনের মাধ্যমে ডায়াবেটিস ও অন্যান্য অসংক্রামক রোগসমূহ প্রতিরোধ বিষয়ক (ইসলামের আলোকে ডায়াবেটিস প্রতিরোধ ও করণীয়) খুতুবা তৈরী করা হয়েছে।

০২। এমতাবস্থায় বাংলাদেশ ডায়াবেটিক সমিতি হতে প্রাপ্ত 'ইসলামের আলোকে ডায়াবেটিস প্রতিরোধ ও করণীয়' বিষয়ক খুতুবাটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

(মোঃ আবুল কালাম আজাদ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০৫৮৯

ফ্যাক্স: ৯৫১২২৮৬

e-mail: [moragovbd@gmail.com](mailto:moragovbd@gmail.com)

মহাপরিচালক  
ইসলামিক ফাউন্ডেশন  
আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর-১৬,০০,০০০০,০০১,৩০,০০২,১৩-

৮৫০

তারিখ : ২৫ বৈশাখ, ১৪২৬  
০৮ মে, ২০১৯

সদয় জ্ঞাতার্থে :

১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।

(মোঃ আবুল কালাম আজাদ)

সিনিয়র সহকারী সচিব